



থ্যেপিয়ান
THESPIAN
An International Refereed journal
ISSN 2321-4805

THESPIAN

MAGAZINE

An International Refereed Journal of Inter-disciplinary
Studies

Santiniketan, West Bengal, India

DAUL A Theatre Group©2013-15

Editor

Bivash Bishnu Chowdhury

Title: Almighty [*Bidhata*]

Author(s): Bonoful (Balai Chand Mukhopadhyay)

Translation(s): Suman Saha

DOI: <https://doi.org/10.63698/thespian.v3.2.OIOS6900>

Published: 23 December 2015

Almighty © 2015 by Suman Saha is licensed under CC BY-NC 4.0. To view a copy of this license, visit
<https://creativecommons.org/licenses/by-nc/4.0/>

Yr. 3, Issue 6, 2015

Autumn Edition
September-October



বিধাতা

---- বনফুল (বলাই চাঁদ মুখোপাধ্যায়)

বাঘের বড় উপদ্রব। মানুষ অস্থির হইয়া উঠিল। গরু বাছুর, শেষে মানুষ পর্যন্ত বাঘের কবলে মারা পড়িতে লাগিল। সকলে তখন লাঠি সড়কি বর্শা বন্দুক বাহির করিয়া বাঘটাকে মারিল। একটা বাঘ গেল; কিন্তু আর একটা আসিল। শেষে মানুষ বিধাতার নিকট আবেদন করিল –

“ভগবান, বাঘের হাত হইতে আমাদের বাঁচাও।”

বিধাতা কহিলেন – “আচ্ছা।”

কিছু পরেই বাঘরা আসিয়া বিধাতার দরবারে নালিশ জানাইল – “আমরা মানুষের জ্বালায় অস্থির হইয়াছি। বন হইতে বনান্তরে পালাইয়া ফিরিতেছি। কিন্তু শিকারি কিছুতেই আমাদের শান্তিতে থাকিতে দেয় না। ইহার একটা ব্যবস্থা করুন।”

বিধাতা কহিলেন – “আচ্ছা।”

হরিহর ভট্টাচার্য্য মামলা করিতে যাইতেছিল। সে বিধাতাকে সন্বেদন করিয়া বলিল, – “আজীবন তোমার পূজো করে এসেছি। উপবাসে দেহ ক্ষীণ করেছি। শালা ভাইপোকে আমি দেখে নিতে চাই। তুমি আমার সহায় হও।”

বিধাতা কহিলেন – “আচ্ছা।”

সুশীল পরীক্ষা দেবে। সে রোজ বিধাতাকে বলে, – “ঠাকুর, পাস করিয়ে দাও।” আজ সে বলিল, “ঠাকুর যদি স্কলারশিপ পাইয়ে দিতে পার, পাঁচ টাকা খরচ করে হরির লুট দেব।”

বিধাতা কহিলেন – “আচ্ছা।”



হরেন পুরকায়স্থ ডিস্ট্রিক্ট বোর্ডের চেয়ারম্যান হইতে চায়। কালী পুরোহিতের মারফত সে বিধাতাকে ধরিয়া বসিল –
এগারোটা ভোট আমার চাই। কালী পুরোহিত মোটা রকম দক্ষিণা খাইয়া ভুল সংস্কৃত মন্ত্রের চোটে বিধাতাকে অস্থির
করিয়া তুলিল – “ভোটং দেহি – ভোটং দেহি –”

বিধাতা কহিলেন – “আচ্ছা, আচ্ছা।”

কৃষক দুই হাত তুলিয়া কহিল – “দেবতা, জল দাও।”

বিধাতা কহিলেন – “আচ্ছা।”

পীড়িত সন্তানের জননী বিধাতাকে প্রার্থনা জানাইল – “আমার একটি মাত্র সন্তান, ঠাকুর, কেড়ে নিও না।”

বিধাতা কহিলেন – “আচ্ছা।”

পাশের বাড়ির ক্ষেপ্তি পিসি উপরোক্ত মাতার সম্পর্কে বলিলেন – “বিধাতা, মাগীর বড় দেমাক। নিত্য নতুন গয়না পরে
ধরাকে সরা জ্ঞান করছিল। ছেলের টুটিটি টিপে ধরে বেশ করেছ দয়াময়। মাগীকে বেশ একটু শিক্ষা দিয়ে দাও তো।”

বিধাতা কহিলেন – “আচ্ছা।”

দার্শনিক কহিল – “হে বিধাতা, তোমাকে বুঝিতে চাই।”

বিধাতা কহিলেন – “আচ্ছা।”

চীন দেশ হইতে চিংকার আসিল – “জাপানীদের হাত হইতে বাঁচাও প্রভু।”

বিধাতা কহিলেন – “আচ্ছা।”

বাংলা দেশ হইতে এক তরুণ ধরিয়া বসিল – “কোনও সম্পাদক আমার লেখা ছাপিতেছে না। ‘প্রবাসী’তে লেখা
ছাপাইতে চাই। রামানন্দবাবুকে সদয় হইতে বলুন।”



বিধাতা কহিলেন – “আচ্ছা।”

একটু ফাঁক পড়িতেই বিধাতা পার্শ্বোপবিষ্ট ব্রহ্মাকে জিজ্ঞাসা করিলেন – “আপনার বাসায় খাঁটি সরষের তেল আছে?”

ব্রহ্মা কহিলেন – “আছে। কেন বলুন তো?”

বিধাতা। “আমার একটু দরকার। দেবেন কী?”

ব্রহ্মা। (পঞ্চমুখে) “অবশ্য, অবশ্য।”

ব্রহ্মার বাসা হইতে ভালো সরিষার তৈল আসিল। বিধাতা তৎক্ষণাৎ তাহা নাকে দিয়া গাঢ় নিদ্রায় অভিভূত হইয়া পড়িলেন।

আজও ঘুম ভাঙ্গে নাই।



Almighty

---- Bonoful

(Balai Chand Mukhopadhyay)

Translated by *Suman Saha*, Department of English and Other Modern European Languages,
Visva-Bharati, Santiniketan, W.B., India.

Commotion of a tiger has increased. Situation becomes uneasy for the local populace. Cows and calves are their early preys but soon after men are also not spared. Then they pick stick, spear and gun to kill that tiger. They kill one, but another come. At last human being files a petition near the Almighty God –

“Please save us from the fracas of tiger.”

God says – “Granted”.

Almost immediately tiger complaints to the God – “We are restless for men’s disturbance. We have to flee to different woods. But hunters are chasing us far and wide to hinder our peace. Please do something.”

God replies – “Granted”.

At once Nera’s mother appeals to God – “Oh invincible Father may my Nera have a pretty little bride. Please God, if he gets, then I’ll give you an oblation of five paisa.”

God utters – “Granted”.



Harihar Bhattacharya was going to lodge a lawsuit. He pronounces to God, - “Throughout my life I am worshipping you. My body turns weak in fast. I won’t leave that brother in-law and nephew. God, I want your support.”

God says – “Granted”.

Sunil will appear in an examination. He pleases to God habitually, - “Please help me to qualify in my examination”. Today he requests, “If you felicitate me with scholarship then I’ll spend five rupees to flood sweets among the crowd on your name”.

God replies – “Granted”.

HarenPurokayesth wants to be the chairman of district board. With the assistance of priest Kali, he urges, “Oh almighty God, I want eleven votes”. Taking a huge amount of fees from HarenPurokayesth, priest Kali starts pronouncing wrong Sanskrit mantras to agitate God – “Votongdehi . . .votongdehi”.

God says – “Granted...Granted...Granted”.

Raising two hands, a farmer requests, “God, we want rain for harvesting”.

God says – “Granted”.

A suffering mother prays to God, “I have only one son. Please don’t snatch him away.”

“Granted”.

Khentipishi of the neighbouring house cries against the above mentioned mother, “Oh God,



that brothel is very conceited. Wearing new jewellery every now and then she thinks herself to be the Queen. You are right in entangling her son's throat. She deserves to be punished."

God says – "Granted".

Philosopher says, "God, I want to understand you".

God says – "Granted".

Cries from China – "Almighty, save us from the Japanese."

God says – "Granted".

A young lad from Bangladesh pleads, "No editor is publishing my works. I want my writing to be published in "Prabashi". Please ask Ramanandababu to be kind."

God replies – "Granted".

Getting a little break, God asks Bramha, who is sitting beside him – "Do you have pure mustard oil in your place?"

Bramha replies, "Yes, we have. Why?"

God: "I need some. Will you offer?"

Bramha: (Delighted) "Yes, indeed."

Good, pure mustard oil comes from Bramha's dwelling. At once God inhales it and goes into a profound perpetual sleep.

And he has not woken up yet.